

তীব্র গরমেও বাড়ছে না ছুটি, রবিবার খুলছে শিক্ষা প্রতিষ্ঠান

নিজস্ব বার্তা পরিবেশক

: বৃহস্পতিবার, ২৫ এপ্রিল ২০২৪

সারাদেশে তীব্র দাবদাহ চলমান থাকলেও শিক্ষা প্রতিষ্ঠানের ছুটি বাড়ছে না, আগামী রবিবার থেকে শুরু হবে ক্লাস-পরীক্ষা।

আজ বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি বলেন, রবিবার থেকে স্কুল খুলবে। তবে শিক্ষার্থীদের শ্রেণিকক্ষের বাইরের কার্যক্রম থেকে বিরত রাখতে হবে, পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত অ্যাসেম্বলিও বন্ধ থাকবে। আগামী ৪ মে থেকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত শনিবারও শ্রেণি কার্যক্রম চলবে।

এদিন দুপুরে শিক্ষা প্রতিমন্ত্রী শামসুন্নাহার চাঁপাও একই ধরনের ইংগিত দিয়ে বলেছিলেন, ছুটি বাড়ানোর সম্ভাবনা কম।